



বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি.

প্রধান কার্যালয়: দুগ্ধ ভবন
১৩৯-১৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.milkvita.org.bd

স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১৫৪২/২০০৯/ডিপি-১৭৩/২০২৫/২১৮

তারিখ: ১৩ কার্তিক ১৪৩২
২৯ অক্টোবর ২০২৫

আদেশ

যেহেতু, জনাব মো. শাহজাহান, কর্মচারী নং-১৫৪২, (প্রাথমিক শ্রমিক) ঢাকা দুগ্ধ কারখানার বিপণন বিভাগে (বর্তমানে মানিকগঞ্জ দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র) দায়িত্ব পালন অবস্থায় বিগত ২১/১১/২০২৪ তারিখ হতে ২৬/০২/২০২৫ তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এ বিষয়ে তাকে স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১৫৪২/২০০৯/১৫৭ তারিখ: ২৬/০১/২০২৫খ্রি. মূলে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানো জবাব দাখিল ও কাজে যোগদানের জন্য বলা হয়। তিনি গত ১৮/০২/২০২৫ তারিখে মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও নিরীক্ষা) বরাবর কারণ দর্শানো জবাব দাখিল করলেও প্রশাসনিক নির্দেশনা অনুযায়ী কাজে যোগদান করেননি। যা শৃঙ্খলা পরিপন্থি ও অসদাচরণের সামিল। তার এহেন আচরণ ও দাখিলকৃত কারণ দর্শানো পর্যালোচনায় দায়-দায়িত্ব নির্ধারণ গ্রহণযোগ্য বিবেচিত হয়।

০২। যেহেতু, তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের আইন সংগত আদেশ অমান্য ও দায়িত্ব পালনে অবহেলা করেছেন। যা মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ২.০৪ বিধি অনুযায়ী “অসদাচরণ” এর সামিল হওয়ায় তাকে একই বিধিমালার ৮.০১ এর ১।(খ) বিধিতে বর্ণিত অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (মামলা নং-১৭৩/২০২৫) রুজু করা হয়। বিভাগীয় মামলা’র স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১৫৪২/২০০৯/ডিপি-১৭৩/২০২৫/২১৩; তারিখ: ০৭/০৯/২০২৫খ্রি. পত্র মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়।

০৩। যেহেতু, জনাব মো. শাহজাহান, কর্মচারী নং-১৫৪২, (প্রাথমিক শ্রমিক) ঢাকা দুগ্ধ কারখানার বিপণন বিভাগ (বর্তমানে মানিকগঞ্জ দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র) গত ১৫/০৯/২০২৫খ্রি. তারিখে অভিযোগনামার জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী’র আগ্রহ প্রকাশ করায় গত ১৯/১০/২০২৫খ্রি: তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

০৪। যেহেতু, জনাব মো. শাহজাহান, কর্মচারী নং-১৫৪২, (প্রাথমিক শ্রমিক) ঢাকা দুগ্ধ কারখানার বিপণন বিভাগ (বর্তমানে মানিকগঞ্জ দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র) গত ২১/১১/২০২৪ তারিখ হতে ১৯/১২/২০২৪ তারিখ পর্যন্ত পীড়িত ছুটির আবেদন করেছেন, মর্মে তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তা গত ১৯/১২/২০২৪ তারিখে পত্র মারফত উর্ধ্বতন কর্মকর্তাকে অবগত করেন এবং বিভিন্ন সময়ে অসুস্থতা সনদ এর মাধ্যমে পীড়িত ছুটির মেয়াদ বৃদ্ধি করেন।

০৫। যেহেতু, অভিযুক্ত কর্মচারী বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত কাগজপত্র, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানির সময় প্রদত্ত বক্তব্য, তথ্য-প্রমাণক ও সংশ্লিষ্ট দলিল-দস্তাবেজ পর্যালোচনায় অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগের শতভাগ সত্যতা পাওয়া যায় নাই।

০৬। যেহেতু, অভিযুক্ত কর্মচারী নিজের ভুল স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন এবং ভবিষ্যতে দায়িত্ব পালনে আরো সতর্ক থাকবেন মর্মে প্রতিশ্রুতি করেছেন, যা বিবেচনাযোগ্য। এহেন কর্মকান্ডের জন্য অভিযুক্ত কর্মচারী’র বিরুদ্ধে আনীত মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ২.০৪ মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগটি সুদেহাতীতভাবে প্রমাণিত হয় নাই। তবে পীড়িত ছুটির আবেদন এর ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করা হয় নাই।

চলমান/পাতা-২

০৭। সেহেতু এফসনে, জনাব মো. শাহজাহান, কর্মচারী নং-১৫৪২, (প্রাথমিক শ্রমিক) ঢাকা দুগ্ধ কারখানার বিপণন বিভাগ (বর্তমানে মানিকগঞ্জ দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র)-কে মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ৮.০১ ১।(খ) মোতাবেক “অসদাচরণ” (Misconduct) এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং-১৭৩/২০২৫ এর দায়ে একই বিধি’র ৮.০২ (১) এর (ক) ১. বিধি মোতাবেক লঘুদন্ড হিসেবে “তিরস্কার (Censure)” দন্ড প্রদান করা হলো। তার সাময়িক অনুপস্থিতকালীন সময় বিনা বেতনে ছুটি হিসাবে গণ্য হবে।

স্বা./-

জাহিদুল ইসলাম

যুগ্মসচিব (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ)
ব্যবস্থাপনা পরিচালক (অ. দা.)

স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১৫৪২/২০০৯/ডিপি-১৭৩/২০২৫/২১৮/০১(৯)

তারিখ : ১৩ কার্তিক ১৪৩২
২৯ অক্টোবর ২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাব্যবস্থাপক (প্রশাসন), মিল্ক ইউনিয়ন (ব্যবস্থাপনা কমিটি’র পরবর্তী সভায় অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
২. মহাব্যবস্থাপক (এসপিপি/বিপণন/টেকনিক্যাল ও অপারেশ-অ. দা.) মিল্ক ইউনিয়ন।
৩. অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল) মিল্ক ইউনিয়ন।
৪. উপ-মহাব্যবস্থাপক (সকল) মিল্ক ইউনিয়ন।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা (নিরীক্ষা) মিল্ক ইউনিয়ন।
৬. সভাপতি মিল্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপ-ব্যবস্থাপক (পরিচালনা ও উন্নয়ন), মিল্ক ইউনিয়ন (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৮. জনাব মো. শাহজাহান, কর্মচারী নং-১৫৪২, (প্রাথমিক শ্রমিক) ঢাকা দুগ্ধ কারখানার বিপণন বিভাগ (বর্তমানে মানিকগঞ্জ দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র)।
৯. ব্যক্তিগত নথি/অফিস কপি/মাস্টার কপি।



ব্যবস্থাপনা পরিচালক (অ. দা.)
মিল্ক ইউনিয়ন।